



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড

নারায়ণগঞ্জ।

www.ncc.gov.bd

স্মারক: ৪৬.১৬.০০০০.০০৪.১১.১৯০.২৫- ১৬০

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২
২৬ ফেব্রুয়ারি ২০২৬

নিয়োগ আদেশ

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের জনবল নিয়োগ পরীক্ষার ফলাফল এবং এ সংক্রান্ত কমিটির সুপারিশের আলোকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০২০ এর বিধি ৪ ও ৬ অনুযায়ী জাতীয় বেতনস্কেল ২০১৫ এর বেতনক্রম ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯) টাকা এবং অন্যান্য আনুষঙ্গিক ভাতাদিসহ নিম্নোক্ত ব্যক্তিকে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে 'সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)' পদে নিয়োগ প্রদান করা হলো:


| ক্র.নং | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|--------|--|---|---|
| ১ | মোঃ শাহরিয়ার মোস্তফা পিতা: মোঃ আব্দুর রাজ্জাক মাতা: মোছাঃ শবনম মোস্তারী | গ্রাম: নওগাঁ সদর, পোস্ট: নওগাঁ- ৬৫০০, থানা/ উপজেলা: নওগাঁ সদর, জেলা: নওগাঁ। | গ্রাম: কশব মন্ডলপাড়া, পোস্ট: কশব- ৬৫১০, থানা/ উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ। |

২। শর্তাবলী:

- (ক) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০২০ এর ৬ (১) (ক) উপবিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ০২ (দুই) বছর শিক্ষানবিশ থাকবেন। তবে প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ একই বিধিমালার ৬ (১) (খ) শর্তমতে কোনো কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে;
 - (খ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০২০ এর ৬ (৩) (ক) উপবিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে উত্তীর্ণ হলে উপবিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাকে চাকুরিতে স্থায়ী করা হবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকুরিতে যোগদানের তারিখ হতে স্থায়ী হবেন;
 - (গ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০২০ এর ৬ (৩) (খ) (অ) উপবিধি অনুযায়ী শিক্ষানবিশ সময়ের জন্য আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকরি থেকে অব্যাহতি প্রদান করতে পারবে;
 - (ঘ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা যোগদানকালে যথাযথ কর্তৃপক্ষ (সিভিল সার্জন) কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে;
 - (ঙ) অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্বকার্যকলাপ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০২০ এর ৪ (২) (খ) উপবিধি অনুযায়ী যথাযোগ্য এজেন্সির মাধ্যমে প্রতিপাদন করা হবে। বিরূপ কোনো মন্তব্য পাওয়া গেলে এ অস্থায়ী নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
 - (চ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
 - (ছ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;
 - (জ) নিয়োগের পর পুলিশ ভেরিফিকেশনের সময় অথবা যে কোনো সময় ভুল তথ্য/ জাল কাগজপত্রে চাকরি লাভের ঘটনা উদঘাটিত হলে চাকরিচ্যুতি/ বরখাস্তকরাসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ, বেতন-ভাতা ফেরত গ্রহণ এবং ক্ষেত্রবিশেষে তার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হবে।
 - (ঝ) উপযুক্ত শর্তে নিয়োগকৃত পদে যোগদানে ইচ্ছুক প্রার্থীকে আগামী ০৫/০৩/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।
- ৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৬/০২/২০২৬
(মোঃ নূর কুতুবুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ও
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ২২৪৪৩৮৫৯৬
✉ secretary@ncc.gov.bd



স্মারক: ৪৬.১৬.০০০০.০০৪.১১.১৯০.২৫- ২৩০/২(১০)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২
২৬ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
- ৪। নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। (এনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। জনাব _____ নারায়ণগঞ্জ
সিটি কর্পোরেশন।
- ৬। ব্যবস্থাপক, ব্যাংক, শাখা,
নারায়ণগঞ্জ।
- ৭। পিএ টু প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি/ গার্ড ফাইল/ ব্যক্তিগত নথি।

Mubarrak

26-02-2026

মোঃ মোবারক হোসেন

সহকারী সচিব

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন